



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।


স্মারক নং-৭জি-৩৭৬(ক-৩)/২০০৬/১৭৬৮/৬

তারিখ: ২৬/০১/১৪২৬ বঙ্গাব্দ:  
০৯/০৫/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : সাতক্ষীরা জেলার শহীদ স্মৃতি ডিগ্রি কলেজের জনাব প্রিয়াংকা বিশ্বাস এর এমপিওভুক্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার শহীদ স্মৃতি ডিগ্রি কলেজের জনাব প্রিয়াংকা বিশ্বাস, প্রভাষক (গার্হস্থ্য বিজ্ঞান) আবেদনে জানান যে, তিনি উচ্চ মাধ্যমিক পর্যায়ে গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ে বিধি মোতাবেক প্রভাষক পদে ১৯/০৫/২০১৫খ্রি. তারিখে যোগদান করেন। ১০/২/২০১৮খ্রি. তারিখে এমপিওভুক্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন করেন। সেখানে পোস্ট খালি নেই বলে জানানো হয়। অথচ তার পোস্টটি শূন্য ছিল। ০১/০৮/২০১৮খ্রি. তারিখে পুনরায় কর্তৃপক্ষের নিকট এমপিওভুক্তির জন্য আবেদন করেন। সেখানে মূল রেজুলেশনের কপি নেই বলিয়া জানানো হয়। আবারো ০৪/১০/২০১৮খ্রি. তারিখে এমপিওভুক্তির জন্য আবেদন করেন। কিন্তু আঞ্চলিক উপ-পরিচালকের নির্দেশনা মোতাবেক জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা অক্টোবর-২০১৮ হতে ২৪ ফেব্রুয়ারি ২০১৯খ্রি পর্যন্ত আবেদন পত্র স্থগিত রেখে ২৫/০২/২০১৯খ্রি. তারিখে সকল কাগজপত্র সঠিক থাকা সত্ত্বেও আবেদন অগ্রায়ন না করে বাতিল করেন। বর্ণিত প্রতিষ্ঠানের আরো ০৭ জন শিক্ষক এমপিওভুক্তির জন্য আবেদন করেছিলেন, তারা সকলেই এমপিওভুক্ত হয়েছেন, কিন্তু তাকে এমপিওভুক্ত করা হয়নি। তিনি এমপিওভুক্ত হয়ে সকল বকেয়া বেতনাদি পাওয়ার জন্য অনুরোধ করেন।

এমতাবস্থায়, সাতক্ষীরা জেলার শহীদ স্মৃতি ডিগ্রি কলেজের প্রভাষক (গার্হস্থ্য বিজ্ঞান) জনাব প্রিয়াংকা বিশ্বাস এর নিয়োগ প্রক্রিয়া বিদ্যমান জনবল কাঠামো অনুযায়ী যথাযথ হলে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফারহানা আক্তার)  
সহকারী পরিচালক (ক-৩)  
ফোন নং-৯৫৫৬০৫৭

উপপরিচালক

খুলনা অঞ্চল

খুলনা।

অনুলিপি:

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, খুলনা অঞ্চল, খুলনা।
- ২। অধ্যক্ষ, শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ, সাতক্ষীরা।
- ৩। সভাপতি, শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ, সাতক্ষীরা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সাতক্ষীরা।
- ৬। সংরক্ষণ নথি।